

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৯৯

পানিসাগর, ৬ মার্চ, ২০২৪

পানিসাগরের রামনগরে বালক আবাসিক ভবনের উদ্বোধন

ছাত্রছাত্রীদের সার্বিক বিকাশে সরকার বিভিন্ন  
পদক্ষেপ গ্রহণ করেছে : সমাজকল্যাণমন্ত্রী

বর্তমান ছাত্রছাত্রীরা আগামীদিনের ভবিষ্যৎ গড়ার মূল কারিগর। তাই ছাত্রছাত্রীদের পড়াশুনার পাশাপাশি তাদের সার্বিক বিকাশে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। আজ পানিসাগর মহকুমার রামনগরে বালকদের জন্য নতুন আবাসিক ভবনের উদ্বোধন করে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় একথা বলেন। অনুষ্ঠানে সমাজকল্যাণমন্ত্রী বলেন, রাজ্যে মিশন বাঃসল্য যোজনায় রাজ্যের ১,৩০০ জন ছাত্রছাত্রীকে প্রতি মাসে ৪ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে। তাছাড়াও এই যোজনায় ৫৪ জন শিশুকে চিকিৎসায় আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। তিনি বলেন, বর্তমান সরকার শিশু ও মায়েদের সার্বিক বিকাশে আন্তরিক। রাজ্যে বাল্য বিবাহের মতো কুপ্রথা বন্ধ করার প্রচেষ্টা নেওয়া হয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধে সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে সমাজকল্যাণমন্ত্রী আবাসিক ভবনের ছাত্রছাত্রীদের বিভিন্ন মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ করে দেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন।

আবাসিক ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ দাস, প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস। উল্লেখ্য, রামনগরে এই আবাসিক ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে ৮৫ লক্ষ ৫১ হাজার ৮০০ টাকা।

\*\*\*\*\*